

৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫.২০১৭


তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৩
২৬ এপ্রিল ২০১৬

বিষয় : জেলা পরিষদ ডিজিটাল সেন্টার (জেডপিডিসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৬

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ আইন, ২০০০ অনুযায়ী, স্ব স্ব এলাকাভুক্ত নাগরিকদের এই আইন ও অন্যান্য আইনের দ্বারা প্রতিষ্ঠিত বিধান অনুসারে সকল প্রকার নাগরিক সুবিধা প্রদান করা জেলা পরিষদের অন্যতম মূল দায়িত্ব। এছাড়া জেলা পরিষদ আইন ২০০০ অনুযায়ী প্রত্যেক জেলা পরিষদে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে নির্দিষ্ট সময় সীমার মধ্যে উন্নততর তথ্য প্রযুক্তি ব্যবহারের বিধান রয়েছে। জেলা পরিষদের সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য জেলা পরিষদ ডিজিটাল সেন্টার (জেডপিডিসি) প্রতিষ্ঠা এবং সেবা চুক্তির (সার্ভিস এগ্রিমেন্ট) মাধ্যমে জনগণের চাহিদা মারফিক সেবা প্রদান করাই জেলা পরিষদ ডিজিটাল সেন্টার প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য। স্থানীয় সরকার শক্তিশালীকরণ, জনগণের দোরগোড়ায় ই-সেবা পৌঁছানো নিশ্চিতকরণ এবং আত্ম-কর্মসংস্থান জেলা পরিষদ ডিজিটাল সেন্টারের মাধ্যমে সম্ভব হবে। এ লক্ষ্যে জেলা পরিষদ ডিজিটাল সেন্টার (জেডপিডিসি) স্থাপন করা ও কেন্দ্র পরিচালনা বিষয়ক একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

জেলা পরিষদ ডিজিটাল সেন্টার (জেডপিডিসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৬ এতদসঙ্গে প্রণয়ন করা হলো। উক্ত নির্দেশিকা অনুযায়ী জেলা পরিষদ ডিজিটাল সেন্টার (জেডপিডিসি) স্থাপন ও পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
৬১ জেলা পরিষদ (৩টি পার্বত্য জেলা ব্যতীত)

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. যুগ্মসচিব (প্রশাসন/ইপ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রশাসক, ৬১ টি জেলা পরিষদ (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।